# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-২০০/২০২৫/১৫২০৫

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

আড়পাড়া কামারখালী মদিনাতুল উলুম নছরিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ আড়পাড়া, উপজেলাঃ মধুখালী, জেলাঃ ফরিদপুর-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২১-১০-২০২৪ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ১৩-১১-২০২৪ থেকে ১২-১১-২০২৬ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. গ্রন্থাগারের জন্য রুম নির্ধারণসহ কমপক্ষে ০৪টি বুকশেলফ ও সমসাময়িক বই ক্রয় করতে হবে;
২. সকল শ্রেণিতে শিক্ষার্থী ও পরীক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে;
৩. প্রতি ০৩ (তিন) মাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
৪. আইসিটি শিক্ষার ওপর গুরুত্ব প্রদান করতে হবে;
৫. ইসলামি শিক্ষার গুরুত্ব বিষয়ক সেমিনারের ব্যবস্থা করতে হবে;
৬. সভাপতির অনুমোদনসহ কলামনার ক্যাশ বই প্রতি মাসে আপডেট করতে হবে;
৭. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, ক্রয় কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি গঠন করতে হবে এবং ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ব্যক্তিগত নথি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
৮. ফাইল নোটের মাধ্যমে ব্যাংক লেনদেন করতঃ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে;
৯. মাদরাসার সাইন বোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;
১০. শূন্যপদসমূহে অনতিবিলম্বে নিয়োগের ব্যবস্থা করার পাশাপাশি শ্রেণিকক্ষসহ মাদরাসার ক্যাম্পাসকে পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;
১১. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
১২. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিওগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
১৩. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২১/৯/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

আড়পাড়া কামারখালী মদিনাতুল উলুম নছরিয়া ফাজিল মাদরাসা
ডাকঘরঃ আড়পাড়া, উপজেলাঃ মধুখালী, জেলাঃ ফরিদপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-২০০/২০২৫/১৫২০৫

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, আড়পাড়া কামারখালী মদিনাতুল উলুম নছরিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ আড়পাড়া, উপজেলাঃ মধুখালী, জেলাঃ ফরিদপুর।
৭. অফিস নথি।

21.09.2025
(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫